গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.dpp.gov.bd

নং-০৫.০৪.০০০০.০১২.০৭.০০৩.২৩/১৫৩৭

তারিখঃ ১৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ** **বাংলাদেশ স্টেশনারী অফিসের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রণয়নকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন প্রসঙ্গে।**

সূত্রঃ বাংলাদেশ স্টেশনারী অফিসের স্মারক নং-০৫.৮৫.০০০০.০০৯.০৪.০০১.২৩/৬৭৬৭, তারিখ-৩০-০৭-২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্নিত স্মারকের মাধ্যমে প্রাপ্ত বাংলাদেশ স্টেশনারী অফিসের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রণয়নকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা মহাপরিচালক মহোদয় সদয় অনুমোদন করেছেন ঃ-

(০১) ক্রয় পরিকল্পনাভুক্ত পণ্যাদি ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে পাবলিক প্রক্রিউরমেন্ট আইন-২০০৬ এর পাবলিক প্রক্রিউরমেন্ট বিধিমালা ২০০৮(সর্বশেষ সংশোধনীসহ) এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে । কোন অবস্হাতে উক্ত আইন ও বিধিবিধানের ব্যত্যয় ঘটানো যাবে না। তাছাড়া, আর্থিক বিধিবিধানও অনুসরণ করতে হবে ।

(০২) পিপিআর, ২০০৮ বিধি ৪ (১) এর নির্দেশনা মোতাবেক সরকারি ক্রয়ের ক্ষেত্রে প্রাক-যোগ্যতা, দরপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল সিপিটিইউ কর্তৃক জারীকৃত এবং তফসিল-১ (Schidule)-1) এ বর্ণিত আদর্শ দলিলসমূহ (Standard Documents) অনুযায়ী হতে হবে।

(০৩) ক্রয় কার্যক্রমে সরকারি নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রসমূহে e-GP Tender প্রক্রিয়া আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

(০৪) ক্রয় পরিকল্পনা e-GP পদ্ধতির ক্ষেত্রে HOPE (Head of Procuring Entity) কর্তৃক অনুমোদন গ্রহণ করতে হবে।

(০৫) ক্রয় পরিকল্পনায় অন্তর্ভূক্ত মালামাল সংগ্রহের লক্ষ্যে প্রযোজ্য ক্ষেত্রে এ কার্যালয়ের ০৩-১২-২০১৪ তারিখের পিএন্ডডি ৪(১)/২০০৭-২০০৮/২৭৫৬/১৯ নম্বর স্মারকের বর্ণনা মোতাবেক যথানিয়মে দরপত্র দলিল প্রস্তুত করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে এ কার্যালয়ের ০৩-০৭-২০১৪ তারিখের পিএন্ডডি-৪(১)/২০০৭-২০০৮/১৬৬৯ নম্বর স্মারকের নির্দেশনাও প্রতিপালন করতে হবে ।

(০৬) ক্রয় পরিকল্পনায় পণ্য বর্ণনা যা-ই থাকুক না কেন পিপিআর ২০০৮ এর ২৯ নম্বর বিধি এবং এতদসংক্রান্ত এ কার্যালয়ের ২৩-১১-২০১৪ তারিখের পিএন্ডডি -৪(১)/২০০৭-২০০৮/২৬৭৪/২০ নম্বর স্মারকে বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করে পণ্যের বিনির্দেশ (Specification) প্রস্তুত করতে হবে।

(০৭) ক্রয়তব্য উক্ত পণ্যাদির দরপত্র আহবানের পূর্বে বিদ্যমান বাজারমূল্যের সাথে সংগতি রেখে বাস্তবসম্মত ও যৌক্তিকভাবে প্রতিটি পণ্যের দাপ্তরিক প্রাক্কলিত মূল্য নির্ধারণ করতে হবে। কোন অবস্হাতেই বাজারমূল্যের সাথে সংগতিহীন দাপ্তরিক প্রাক্কলিত মূল্য নির্ধারণ করা যাবে না। এর কোন ব্যত্যয় ঘটলে দায়-দায়িত্ব ক্রয়কারীর উপর বর্তাবে ।

(০৮) পিপিআর-২০০৮এর বিধিবিধান অনুসরণ করে যথানিয়মে দরপত্র বিজ্ঞপ্তি জারী, ওয়েবসাইটে প্রকাশ এবং প্রযোজ্য ক্ষেত্রে এ অধিদপ্তরাধীন অফিস/প্রেস ও ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয় থেকে দরপত্র দলিল বিক্রি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়সহ উল্লিখিত অফিসসমূহে দরপ্রস্তাব গ্রহণের ব্যবস্হা রাখতে হবে । তাছাড়া, ওয়েব সাইট থেকে ডাউন লোডের মাধ্যমে দরপত্র দলিল সংগ্রহের সুযোগ প্রদান করতে হবে ।

(০৯) গাইড নমুনা মোতাবেক পণ্য সংগ্রহের আবশ্যকতা থাকলে সে সকল পণ্যাদির নমুনা চাহিদাকারী অফিস/প্রেসে থেকে সংগ্রহপূর্বক যথাযথভাবে সংরক্ষণ এবং দরদাতাদের প্রদর্শনের জন্য ব্যবস্হা রাখতে হবে ।

চলমান পাতা/০২

(১০) পিপিআর-২০০৮ এর বিধি-৪, উপ-বিধি(২)এর (ট) অনুচ্ছেদের বর্ণনা মোতাবেক দরপত্র দাতা আইনের ধারা ৬৪ তে বর্ণিত কোন দূর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যক্রমে সম্পৃক্ত হবে না মর্মে দরপত্র দলিলে নির্দেশিত ফরমে অঙ্গীকারনামা দরপ্রস্তাবের সাথে আবশ্যিকভাবে প্রদান করতে হবে মর্মে দরপত্র দলিলের শর্তাবলীতে উল্লেখ করতে হবে। উক্ত উপ-বিধি (২)এর (ঠ) (ঢ) ও (ণ) নম্বর অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুসরণপূর্বক দরপত্র দলিলে প্রয়োজনীয় তথ্যাদি অন্তর্ভূক্ত করতে হবে। তাছাড়া, পিপিআর-২০০৮ এর ১৬(৯) নম্বর বিধিও অনুসরণ করতে হবে ।

(১১) বরাদ্দের অবশিষ্ট টাকা দ্বারা সংশ্লিষ্ট মালামাল এবং সংরক্ষিত অর্থ থেকে পণ্য ক্রয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর ১৬(১০)বিধি মতে ক্রয় পরিকল্পনা যথাসময়ে হালনাগাদ করে অনুমোদন গ্রহণ করতে হবে।

০২। এমতাবস্থায়, উপরে বর্ণিত শর্তাদি যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে অনুমোদিত ক্রয় পরিকল্পনাভুক্ত পণ্য/মালামাল ক্রয়/সংগ্রহের পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুমোদিত ক্রয় পরিকল্পনা ০১ (এক) প্রস্থ নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ** অনুমোদিত এক প্রস্থ ক্রয় পরিকল্পনা।

০১/৭/২০২৩

( মোহাম্মদ আব্দুল মান্নান )
সহকারী পরিচালক (প্রশাঃ-২)
ফোনঃ ৫৫০৩০০২৫

উপপরিচালক
বাংলাদেশ স্টেশনারী অফিস
তেজগাঁও, ঢাকা-১২০৮।